

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 ত্রাণ কর্মসূচী-১ শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৫৭

তারিখঃ ২৯-০৩-২০২০ খ্রি.

বিষয়ঃ অগ্রাধিকার তালিকা তৈরী করে ত্রাণ বিতরণ প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে করোনা ভাইরাসের কারণে শহর ও গ্রামে কর্মজীবী মানুষ কর্মহীন অবস্থায় আছে। যে সকল কর্মজীবী মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে মাননীয় প্রধানমন্ত্রী সে সকল কর্মহীন লোক (যেমন-ভিক্ষুক, ভবঘুরে, দিন মজুর, রিক্সা চালক, ভ্যান গাড়ী চালক, পরিবহন শ্রমিক, রেষ্টুরেন্ট শ্রমিক, ফেরীওয়ালা, চায়ের দোকানদার) যারা দৈনিক আয়ের ভিত্তিতে সংসার চালায় তাদের তালিকা প্রস্তুত করে খাদ্য সহায়তা প্রদানের জন্য নির্দেশনা দিয়েছেন।

২। তাছাড়া সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পর্যায়ে ওয়ার্ড ভিত্তিক, কৃষি শ্রমিকসহ উপকারভোগীদের তালিকা প্রস্তুত করে খাদ্য সহায়তা প্রদান করতে হবে।

৩। স্থানীয় পর্যায়ে বিত্তশালী ব্যক্তি/ সংগঠন/ এনজিও কোন খাদ্য সহায়তা প্রদান করলে জেলা প্রশাসকগণ প্রদত্ত তালিকার সাথে সমন্বয় করবেন; যাতে দ্বৈততা পরিহার করা যায় এবং কোন উপকারভোগী বাদ না পড়ে।

৪। সামগ্রিকভাবে সমন্বিত কার্যক্রম এ মুহূর্তে অত্যন্ত জরুরী।

স্বাক্ষরিত/-

(মোঃ শাহ্ কামাল)

সিনিয়র সচিব

জেলা প্রশাসক


.....(সকল)।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৫৭/১(১৬)

তারিখঃ ২৯-০৩-২০২০ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ১০। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা।
- ১১। বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ১২। উপসচিব (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (পত্রটি সংশ্লিষ্টদের বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের অনুরোধসহ)।
- ১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৬। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।


 মোঃ শাহ্ কামাল
 সিনিয়র সহকারী সচিব (ত্রাণ-১)।